



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/9/2022

গভর্নর ক্যাথি হোকল

ক্যালিফোর্নিয়া ক্লিন এয়ার অ্যাক্ট ছাড়ের অধিকারের বিষয়ে গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি

"ক্যালিফোর্নিয়া ক্লিন এয়ার অ্যাক্টের (California Clean Air Act) ছাড় পুনঃস্থাপন করা নিউ ইয়র্ককে গ্রিনহাউস গ্যাস নির্গমন কমাতে এবং উচ্চতর বায়ুর গুণমানের মান প্রতিষ্ঠা করতে দেবে যা আমাদের সকল সম্প্রদায়গুলিকে উপকৃত করবে। আজকের পুনঃস্থাপনের মাধ্যমে, বাইডেন প্রশাসন জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াই করার জন্য তাদের স্থির প্রতিশ্রুতি প্রদর্শন করেছে এবং নিউ ইয়র্কের প্রচেষ্টাকে শক্তিশালী করেছে 2035 সালের মধ্যে নিউ ইয়র্ক স্টেটে বিক্রি হওয়া সমস্ত নতুন যাত্রীবাহী গাড়ি এবং ট্রাকগুলিকে শূন্য নির্গমনে পরিণত করতে। সমস্ত নিউ ইয়র্কবাসীদের পক্ষ থেকে, আমরা প্রেসিডেন্ট বাইডেন এবং মার্কিন এনভায়রনমেন্টাল প্রোটেকশন এজেন্সির (Environmental Protection Agency, EPA) প্রশাসক রেগানের পূর্ববর্তী প্রশাসনের দ্বারা গৃহীত ধ্বংসাত্মক পদক্ষেপগুলিকে বিপরীত করার উদ্দেশ্যে কাজ করার জন্য এবং আমাদের পরিবেশগত মান উন্নত করার উদ্দেশ্যে কাজ অব্যাহত রাখার জন্য কৃতজ্ঞ।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418